

## জাতীয় শোক দিবস উদ্‌যাপন এবং স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০১৭ উদ্‌যাপনের লক্ষ্যে বাংলাদেশ শিপিং কর্পোরেশনে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচী পালন করেছে। সূর্যোদয়ের সাথে সাথে ভোর ৫.৩০ মিনিটে জাতীয় পতাকা অর্ধনমিত করার মধ্য দিয়ে দিনের আনুষ্ঠানিকতা শুরু হয়। জাতীয় শোক দিবস পালনের অংশ হিসেবে সকাল ১০.৩০ ঘটিকায় কর্মকর্তা-কর্মচারীদের স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী সম্পন্ন করে সংগৃহীত রক্ত চট্টগ্রাম বন্দর হাসপাতালে দান করা হয়।

সোনার বাংলা গড়ে তোলার স্বপ্নদ্রষ্টা জাতির জনক বঙ্গবন্ধুর কর্মমুখী জীবন, সংগ্রাম এবং সর্বোপরি দেশমাতৃকার জন্য যে মহান আত্মত্যাগ তা আমাদের সকলকে উজ্জীবিত করেছিল। ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে এই আলো ছড়িয়ে দিতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনীর উপর নির্মিত “আমাদের বঙ্গবন্ধু” শীর্ষক প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। এছাড়া, বঙ্গবন্ধুর জীবনীর উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএসসি’র মাননীয় ব্যবস্থাপনা পরিচালক কমডোর ইয়াহুইয়া সৈয়দ। এছাড়া, উক্ত অনুষ্ঠানে বিএসসি’র নির্বাহী পরিচালক (অর্থ) বেগম ইয়াসমিন আফসানা, নির্বাহী পরিচালক (প্রযুক্তি/বাণিজ্য) জনাব মোঃ সাঈদ উল্লাহ-চঃদাঃ, সংস্থার সচিব ও মহাব্যবস্থাপক সহ সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে ১৫ আগস্টে শাহাদাতবরণকারী বঙ্গবন্ধু ও তাঁর পরিবারবর্গের আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

স্বাক্ষরিত

মহাব্যবস্থাপক(প্রশাসন)

বিএসসি, চট্টগ্রাম।